

ক্ষুলশিক্ষার্থীরা ভারী ব্যাগ বহন করে থাকে। দীর্ঘসময় ভারী ব্যাগ বহনের কারণে অনেকের মেরুদ- বাঁকা হয়ে যায়, পিঠে-ঘাড়ে চাপ পড়ে। অল্প বয়স থেকেই তারা মেরুদণ্ডের সমস্যা নিয়ে বেড়ে ওঠে। পরে এরা ৪০ থেকে ৫০ বছরে পৌঁছলে অনেকেই মেরুদ-জনিত সমস্যায় আক্রান্ত হন। অন্যদিকে শিক্ষকদের শ্রেণিকক্ষে বসার ব্যবস্থা থাকে না। দীর্ঘসময় দাঁড়িয়ে থাকায় তারাও মেরুদণ্ডের সমস্যায় আক্রান্ত হন।

গতকাল রবিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। বিশ্ব স্পাইন দিবস উপলক্ষে এ সেমিনার আয়োজন করা হয়। এবারের প্রতিপাদ্য হলো- 'মেরুদণ্ড আপনার অমূল্য সম্পদ, মেরুদণ্ড সুস্থ রাখতে হবে'।

advertisement 3

সেমিনারে জানানো হয়, বিশ্বের ৫৪ কোটি মানুষ মেরুদণ্ডের সমস্যা ভুগছেন। বাংলাদেশে প্রায় ৫০ লাখ মানুষের এ সমস্যা রয়েছে। প্রতি বছর বাংলাদেশ প্রায় ২০ হাজার রোগী মেরুদণ্ডের চিকিৎসাসেবা নেন। এসব রোগীকে চিকিৎসা দিতে বিশেষজ্ঞ রয়েছেন মাত্র ২১২ জন। অনেক সময় গাছ থেকে পড়ে যাওয়া ও আঘাতজনিত সমস্যা হলে অঙ্গোপচার করতে হয়। অন্য রোগীদের ইনজেকশন, ওষুধ ও থেরাপি জাতীয় চিকিৎসা দেওয়া হয়। প্রতি বছর এ রোগে আক্রান্ত ৪০ হাজার রোগীর অঙ্গোপচার প্রয়োজন। এদের অধিকাংশই থেকে যান চিকিৎসার বাইরে। এ ছাড়া ব্যয়বহুল হওয়ায় অনেকে চিকিৎসা ব্যয় বহনে অসমর্থ।

advertisement 4

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. মো. শারফুন্দিন আহমেদ বলেন, বিশেষজ্ঞ চিকিৎসকের স্বল্পতা, প্রতিষ্ঠানের ঘাটতি ও আর্থিক অসচ্ছলতায় দেশের জনগোষ্ঠীর ৫০ শতাংশ স্পাইন চিকিৎসার বাইরে থাকছেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন স্বাধীনতা চিকিৎসক পরিষদ-স্বাচিপ মহাসচিব অধ্যাপক ডা. এমএ আজিজ, বিশ্ববিদ্যালয়ের সার্জারি অনুষদের ডিন অধ্যাপক ডা. মোহাম্মদ হোসেন। অধ্যাপক ডা. মো. রফিকুল ইসলামের সংঘলানায় সেমিনারে সভাপতিত্ব করেন নিউরো স্পাইন সোসাইটির ভারপ্রাপ্তি অধ্যাপক ডা. মো. কামাল উদ্দিন।

3
Shares